

💵 হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ২৯৭৬

২৭/ আদব

পরিচ্ছেদঃ গীবতে (পরচর্চায়) অংশগ্রহণ করা হারাম। যার নিকট গীবত করা হয় তার উচিত গীবতকারীর তীব্র প্রতিবাদ করা এবং তার সমর্থন না করা। আর তাতে সক্ষম না হলে স□স্তব হলে উক্ত সভা ত্যাগ করে চলে যাওয়া যে কথা আসলে গীবত নয়

আরবী

وَعَنْ أَبِيْ الدَّرِدَاءِ عَنِ النَّبِيِّ عَلِيْ قَالَ مَنْ رَدَّ عَنْ عِرْضِ أَخِيهِ رَدَّ اللهُ عَنْ وَجْهِهِ النَّارَ يُوعَنْ أَبِي النَّارَ عَنْ اللهُ عَنْ وَجْهِهِ النَّارَ يَومَ القيَامَةِ رواه الترمذي وقَالَ حديث حسن

বাংলা

মহান আল্লাহ বলেছেন,

وَإِذَا سَمِعُوا اللَّغْوَ أَعْرَضُوا عَنْهُ

অর্থাৎ, ওরা যখন অসার বাক্য শ্রবণ করে তখন ওরা তা পরিহার করে চলে। (সূরা রুস্বাস ৫৫)

তিনি আরো বলেন,

والَّذينَ هُمْ عَنِ اللَّغْوِ مُعْرِضُونَ

অর্থাৎ, যারা অসার ক্রিয়া-কলাপ হতে বিরত থাকে। (সূরা মু'মিনূন ৩)

তিনি অন্যত্র বলেছেন,

إِنَّ السَّمْعَ وَالْبَصِيرَ وَالْفُؤَّادَ كُلُّ أُولَئِكَ كَانَ عَنْهُ مَسْؤُولاً

অর্থাৎ, নিশ্চয় কর্ণ, চক্ষু ও হৃদয় ওদের প্রত্যেকের নিকট কৈফিয়ত তলব করা হবে। (সূরা বনী ইস্রাঈল ৩৬)
তিনি অন্য জায়গায় বলেছেন.

وَإِذَا رَأَيْتَ الَّذِينَ يَخُوضُونَ في آيَاتِنا فَأَعْرِضْ عَنْهُمْ حَتَّى يَخُوضُوا في حَدِيثٍ غَيْرِهِ وإمَّا يُنْسِيَنَّكَ الشَّيْطانُ فَلاَ تَقْعُدْ بَعْدَ الذِّكْرَى مَعَ القَوم الظَّالِمِينَ



অর্থাৎ, তুমি যখন দেখ, তারা আমার নিদর্শন সম্বন্ধে ব্যঙ্গ আলোচনায় মগ্ন হয়, তখন তুমি দূরে সরে পড়; যে পর্যন্ত না তারা অন্য প্রসঙ্গে আলোচনায় প্রবৃত্ত হয় এবং শয়তান যদি তোমাকে ভ্রমে ফেলে, তাহলে স্মরণ হওয়ার পরে তুমি অত্যাচারী সম্প্রদায়ের সাথে বসবে না। (সূরা আনআম ৬৮)

(২৯৭৬) আবূ দারদা (রাঃ) হতে বর্ণিত, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, যে ব্যক্তি তার মুসলিম ভাইয়ের সম্ভ্রম রক্ষা করবে, কিয়ামতের দিনে আল্লাহ তাআলা জাহান্নামের আগুন থেকে তার চেহারাকে রক্ষা করবেন।

ফুটনোট

(তিরমিযী ১৯৩১, হাসান)

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী 🛘 বর্ণনাকারীঃ আবুদ দারদা (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন